

## টেক্সটাইল ইনস্টিটিউটে শিক্ষকের অভাব

(নিজস্ব সংবাদদাতা)

টেক্সটাইল, ২৪শে জুন।—টেক্সটাইল সরকারী টেক্সটাইল ইনস্টিটিউটে প্রায় ১০০ সংখ্যক শিক্ষক ও কর্মচারী না থাকায় জুন এক অসম-বন্দার সৃষ্টি হয়েছে। ৮০ জন ছাত্রের পড়াশোনার অনিশ্চয়তা দেখা দিয়েছে।

জানা গেছে গত ৬ মাস ধরে ইনস্টিটিউটে শিক্ষকের অভাব দেখা দিয়েছে। নির্দিষ্ট কোর্স শেষ করা হচ্ছে না। ছাত্ররা বিপাকে পড়েছে।

এছাড়া আরও জানা গেছে স্টোর রুমে দীর্ঘদিন হল বিভিন্ন ধরনের মেশিনারীজ ও কাচামাল বাকসবন্দী অবস্থায় পড়ে আছে। এগুলো ছাত্রদের প্রশিক্ষণ কাজে ব্যবহার করা হচ্ছে না। অধিকন্তু ছাত্রাবাসে রয়েছে নানাবিধ অনিয়ম। বিশুদ্ধ পানির অভাবে ছাত্রদের দূর্ভোগের অন্ত নেই।